# জে এস সি পরীক্ষা - ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট — মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ একদিন সামির ও সাকিব নদীর ধারে বসে ছিল। সামির বলল, পৃথিবীর সবকিছু সুশৃঙ্খলভাবে একই নিয়মে চলছে। সাকিব বলল, আমার মনে হয় এসব কাজ একজনে না করে কয়েকজন মিলে করেছে। সামির বলল, এ ধরনের চিন্তা করা মহা পাপ। কারণ সমস্ত কিছুর নিয়ন্ত্রক মহান আল্লাহ। আমরা তাকে বিশ্বাস করব ও ইমান আনব। ইমান আল্লাহর একটি বড় নিয়ামত।

ক. আকাইদ শব্দটি কোন বচনের? ১

খ. ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা, বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে ইমানের কোন বিষয়ের প্রতি বিশ্বাসের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'ইমান আল্লাহ একটি বড় নিয়ামত' বিশ্লেষণ করো। ৪

২. ★ জাবের ও জাবেদ পরস্পর বন্ধু। জাবের ব্যবসা করে প্রচুর সম্পদের মালিক হয়েছে। তার ধারণা কর্মই সবকিছুর মূল। তাকদির বলতে কিছুই নেই। পক্ষান্তরে জাবেদ মৃত্যুর পর পুনরুত্থানকে বিশ্বাস করে না। অথচ দুজনই নিজেদেরকে মুসলমান হিসেবে দাবি করে।

ক. রাউফুন শব্দের অর্থ কী? ১

খ. তাকদির বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. জাবেরের ধারণা কীসের অন্তর্ভুক্ত ব্যাখ্যা করো। ৩

ঘ. জাবেদের অবিশ্বাসকে শরিয়তের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. ★ জনাব হাবিব একজন চাকুরিজীবী। তিনি অফিসে ঠিকমত আসে না। এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি বিভিন্ন মিথ্যা অজুহাত তুলে ধরেন। বিষয়টি তার

Teachingbd24.com
https://teachingbd24.com

অফিস প্রধান জানতে পারলে তিনি তাকে উপদেশ দিতে গিয়ে বলেন, আপনি এ রকম অভ্যাস ত্যাগ করে নৈতিক জীবনযাপন করুন। অন্যথায় আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। আর নৈতিক আদর্শ হলো রাসুলের আদর্শ।

ক. সাইয়েদুল মুরসালিন অর্থ কী? ১

খ. শাফায়াত বলতে কী বোঝ? ২

গ. জনাব হাবিবের কর্মকাণ্ড তার আচরণের বহিঃপ্রকাশ। ব্যাখ্যা করো। ৩

ঘ. অফিস প্রধানের বক্তব্য যুক্তিপূর্ণ ও প্রশংসনীয়? বিশ্লেষণ করো। ৪

৪. ★ জনাব ফাহিমের কাছে ২৫ লক্ষ টাকা জমা আছে। তিনি যাকাত আদায়ের নিমিত্তে মসজিদ নির্মাণের জন্য কিছু টাকা দান করলেন। এ অবস্থা দেখে তার বন্ধু রাশেদ বলেন— আল্লাহ তায়ালা সমাজে ধনী-দরিদ্রের বৈষম্য দূর করার জন্য ধনীদের ওপর যাকাত ফরজ করেছেন।

ক. হজ কাকে বলে? ১

খ. নিসাব বলতে কী বোঝ? ২

গ. জনাব ফাহিমের কত টাকা যাকাত এসেছে ও যাকাত আদায় হয়েছে কি? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রাশেদের বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

৫. ▶ জনৈক ইমাম সাহেব খুতবায় বলেন, ইসলামে এমন একটি ইবাদত আছে যা নির্দিষ্ট নিয়মে নির্ধারিত স্থানে আদায় করতে এবং তা সকল মুসলমানদের ওপর ফরজ নয়। হাদিসে আছে, এই ইবাদতের প্রতিদান একমাত্র জান্নাত। তা শুনে তামিম বললেন, এর মাধ্যমে মুসলিম বিশ্বের মাঝে ভ্রাতৃত্ব ও ঐক্যের সৃষ্টি হয়।

ক. সাঈ অর্থ কী? ১

খ. কুরবানি বলতে কী বোঝ? ২

গ. ইমাম সাহেব কোন ইবাদতের কথা বলেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. তামিমের বক্তব্যটি তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. ▶ সাবিত সাহেব একজন ধার্মিক লোক। তিনি সময় পেলে কুরআন মাজিদ তিলাওয়াত করেন। তার ছেলে হাকিমের কুরআন তিলাওয়াত শুনে তিনি বুঝতে

https://teachingbd24.com

পারলেন যে, এতে অসংখ্য ভুল রয়েছে। তিনি ছেলেকে বিশুদ্ধভাবে কুরআন তিলাওয়াতের পদ্ধতি অনুসরণ করার পরামর্শ দেন। তিনি আরও বলেন, আল-কুরআন মানবজাতির হেদায়েতের উৎস।

ক. আল হুদা অর্থ কী? ১

খ. ইযহার বলতে কী বোঝ? ২

গ. হাকিম কোন পদ্ধতি অনুসরণ করলে বিশুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করতে পারবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাবিত সাহেবের শেষ উক্তিটি— বিশ্লেষণ করো। ৪

৭. ▶ বিশ হাজার পিস ইয়াবাসহ পুলিশের হাতে ধরা পড়েছে জনি। পুলিশের অসতর্কতাবশত পুলিশ ভ্যান থেকে পালিয়ে যাওয়ার সময় একজন পুলিশ সদস্যকে হত্যা করতে তার হাত কাঁপেনি। এ খবর শুনে তার মা ছেলের জন্য আফসোস করে। তিনি বুঝতে পারেন সঠিক আদর্শের অভাবে তার ছেলের আজ এই অবস্থা।

ক. রুহুল কুদুস কার নাম? ১

খ. কদরের রাতকে মহিমান্বিত রাত বলা হয় কেন? ২

গ. জনির জীবনে কোন গ্রন্থের আদর্শের অভাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত গ্রন্থে মানবজীবনের জন্য প্রয়োজনীয় সার্বিক শিক্ষা সন্নিবেশিত আছে— বিশ্লেষণ করো। ৪

৮. ★ নাদিম খুব ভোর বেলায় ঘুম থেকে উঠে। সে লক্ষ করে যে, তার দাদু ফজরের পর কুরআনের একটি আয়াত প্রতিদিন তিলাওয়াত করেন। এ আয়াতটিতে আল্লাহর ক্ষমতা ও মহিমা বর্ণনা করা হয়েছে। নাদিম তার দাদুকে প্রতিদিন আয়াতটি তিলাওয়াতের কারণ জিজ্ঞেস করে। তার দাদু তাকে এর ফজিলত সম্পর্কে বলেন।

ক. আল কাইয়্যুম শব্দের অর্থ কী? ১

খ. আরবে কুরাইশদের সম্মান বেশি ছিল কেন? ২

গ. নাদিমের দাদুর তিলাওয়াতকৃত আয়াত কোনটি? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত আয়াতখানা নাদিমের দাদুর নিয়মিত তিলাওয়াতের কারণ বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯. ▶ 'একজন মুসলমান অপর মুসলমানের ভাই'। হাদিসটি ইসলামি সমাজ ব্যবস্থায় ভ্রাতৃত্বের একটি মাইলফলক। কিন্তু বর্তমানে মুসলিম সমাজে হাদিসটির প্রতিফলন যথাযথভাবে না থাকায় পরিবার, সমাজ, রাষ্ট্র তথা সর্বক্ষেত্রে নৈরাজ্য ও বিশৃঙ্খলা বিরাজ করছে।

ক. ভ্রাতৃত্ব কয় প্রকার? ১

খ. ইসলামি ভ্রাতৃত্ব বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত হাদিসের আলোকে সমাজ ও রাষ্ট্র থেকে কীভাবে নৈরাজ্য দূর করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত হাদিসের অনুসরণে পরিবার, সমাজ ও রাষ্ট্রে ইসলামি ভ্রাতৃত্বের সুফল ব্যাখ্যা করো। ৪

১০. ▶ আলম সাহেব একজন কর্মকর্তা। তিনি অফিস থেকে বেতন বহির্ভূত আয় করেন। তার স্ত্রী একজন ধার্মিক মহিলা। তিনি তাকে বেতন বহির্ভূত আয় থেকে বিরত রাখতে গিয়ে বলেন, 'ঘুষ দাতা ও গ্রহীতা উভয়ই জাহান্নামি।

ক. পরশ্রীকাতরতার আরবি প্রতিশব্দ কী? ১

খ. চৌর্যবৃত্তি বলতে কী বোঝ? ২

গ. এ ধরনের কাজ থেকে বিরত থাকতে আলম সাহেবের দায়িত্ব কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মহিলার উক্তিটি কী যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১. ★ আরমান সাহেব একজন স্বল্পশিক্ষিত লোক। তিনি তার ছেলেদের লেখাপড়া শেখান, কিন্তু মেয়েদের লেখাপড়ার সুযোগ দেন না। অথচ ইসলামে নারী-পুরুষের মধ্যে কোনরূপ বৈষম্য না করে নারীকে পুরুষের সমান মর্যাদা দেওয়া হয়েছে। ইসলামে বলা হয়েছে— মায়ের পদতলে সন্তানের বেহেশত।

ক. সকল নেক কাজের মূল কথা কী? ১

খ. দেশপ্রেমের গুরুত্ব ব্যাখ্যা করো। ২

গ. নারী-পুরুষের প্রতি আরমান সাহেবের বৈষম্যের মনোভাব কীভাবে দূর করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. কুরআন ও হাদিসের বাণীসহ ইসলামে নারীর মর্যাদা বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. যে ব্যক্তি ইসলামের মূল বিষয়গুলোকে বিশ্বাস করে তাকে কী বলে?
ⓚ মুসলিম ⓚ মুত্তাকি
ⓖ মুমিন ⓖ মুফতি

২. ★ ইমানের মূল কথা কী?
ⓚ দুনিয়া ক্ষণস্থায়ী
ⓚ আল্লাহ এক ও অদ্বিতীয়
ⓖ আল্লাহ ক্ষমাশীল
ⓖ সকল রাসুল আল্লাহর প্রেরিত

নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:
বিজ্ঞান মনস্ক রাফি ছোটবেলা থেকেই প্রকৃতির নানা ঘটনা নিয়ে ভাবতে থাকে। প্রতিদিন সূর্য ওঠে অস্ত যায়। দিন শেষে শুরু হয় রাত। এতে কোন অনিয়ম ও বিশৃঙ্খলা নেই। সবকিছু একক শক্তির নিয়ন্ত্রণে চলেছে।

৩. রাফির ভাবনায় ইসলামের কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে?
ⓚ আখিরাতের প্রতি বিশ্বাস
ⓚ পুনরুত্থানের প্রতি বিশ্বাস
ⓖ তাওহিদের ওপর বিশ্বাস
ⓖ ফেরেশতাদের ওপর বিশ্বাস

৪. ★ এ ধরনের বিশ্বাসের ফলে সে—
i. দুনিয়া ও আখিরাতে কল্যাণ লাভ করবে
ii. আল্লাহ ও রাসুল (স) এর প্রিয়পাত্র হবেন
iii. বিজ্ঞানী হিসেবে প্রতিষ্ঠিত হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৫. ★ কুরআনে মুনাফিকদের কী বলে সাব্যস্ত করা হয়েছে?
ⓚ অত্যাচারী ⓚ অহংকারী
ⓖ মিথ্যাবাদী ⓖ হিংসুক

৬. হাসিবুন শব্দের অর্থ কী?
ⓚ ক্ষমাশীল ⓚ হিসাব গ্রহণকারী
ⓖ দয়ালু ⓖ স্নেহশীল

৭. ★ আর প্রত্যেক জাতির জন্য পথপ্রদর্শক রয়েছে। এটি কোন সূরার আয়াত?
ⓚ বাকারা ⓚ নিসা
ⓖ আলে-ইমরান ⓖ রাদ

৮. খাতমুন শব্দের অর্থ কী?
ⓚ শুরু ⓚ পড়া
ⓖ শেষ ⓖ দায়িত্ব

৯. ★ আখিরাতের পর্যায় কয়টি?
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓖ ৫টি

১০. শাফাআতে কুবরার অপর নাম কী?
ⓚ শাফাআতে উমরা ⓚ শাফাআতে উযমা
ⓖ শাফাআতে ছুগরা ⓖ শাফাআতে আউসাত

১১. রাসুল (স) মানুষকে নৈতিকতা ও উত্তম চরিত্রের শিক্ষা দিয়েছেন কীভাবে?
ⓚ উপদেশের মাধ্যমে
ⓚ উদাহরণ সৃষ্টি করে
ⓖ হাতে-কলমে
ⓖ সাহাবিদের মাধ্যমে

১২. ★ কুরবানির মাধ্যমে আল্লাহর নিকট পৌছায়—
i. পশুর জন্য আর্থিক ব্যয়
ii. তাকওয়া ও আল্লাহভীতি
iii. আল্লাহর প্রতি ভালোবাসা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৩. আত্মত্যাগ ও আত্মসমর্পণের মূর্তপ্রতীক কে ছিলেন?
ⓚ হযরত ইব্রাহিম (আ)
ⓚ হযরত নূহ (আ)
ⓖ হযরত মুসা (আ)
ⓖ হযরত দাউদ (আ)

১৪. বহিরাগতদের জন্য তাওয়াফুল বিদা করা কী?
ⓚ ফরজ ⓚ ওয়াজিব
ⓖ সুন্নাত ⓖ মুস্তাহাব

Teachingbd24.com
https://teachingbd24.com

১৫. ★ ১০ই যিলহজ সকালে সূর্যদয়ের পূর্বে হাজিদের কোথায় রওয়ানা হতে হয়?
(ক) মদিনার পথে (খ) সাফার পথে
(গ) মিনার পথে (ঘ) জেদ্দার পথে

১৬. ★ হাজিগণ কত তারিখে আরাফার ময়দানে অবস্থান করেন?
(ক) ৮ যিলহজ (খ) ৯ যিলহজ
(গ) ১০ যিলহজ (ঘ) ১১ যিলহজ

১৭. ★ যাকাত দানের মুখ্য উদ্দেশ্য কী?
(ক) সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা
(খ) ধনীদের উপকার করা
(গ) মানুষকে বিত্তবান করা
(ঘ) গরিবের অবস্থান পরিবর্তন

১৮. মিসকিনের পরিচয় সংক্রান্ত হাদিসটি কোন গ্রন্থের?
(ক) বুখারি (খ) মুসলিম
(গ) তিরমিযি (ঘ) মুত্তাফাকুন আলাইহে

১৯. মাদানি সূরাগুলো পড়ে জানা যায়—
i. ইবাদত সম্পর্কে
ii. হালাল-হারাম সম্পর্কে
iii. তাওহিদ সম্পর্কে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:
জামান প্রতিদিন সকালে শুদ্ধভাবে নুন সাকিন ও তানবিনের নিয়ম অনুযায়ী কুরআন তিলাওয়াত করে। এটি দেখে তার মা তাকে বললেন, আল্লাহ তোমাকে উত্তম প্রতিদান দেবেন।

২০. জামানের তিলাওয়াতের পদ্ধতিকে কী বলা হয়?
(ক) তাশদিদ (খ) তাজবিদ
(গ) তামজিদ (ঘ) কারী

২১. এ পদ্ধতিতে কুরআন তিলাওয়াত করলে—
i. উত্তম প্রতিদান পাওয়া যাবে
ii. সালাত শুদ্ধ হবে
iii. শ্রেষ্ঠ আলেম হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২২. ★ নুন সাকিন ও তানবীনের উচ্চারণ কীরূপ?
(ক) একই রকম (খ) ভিন্ন রকম
(গ) সামান্য মিল রয়েছে (ঘ) সম্পূর্ণ ভিন্ন

২৩. যিলযাল শব্দের অর্থ কী?
(ক) ধ্বংসলীলা (খ) ভূকম্পন
(গ) টর্নেডো (ঘ) সাইক্লোন

২৪. ★ আবরাহা কয়টি হাতি নিয়ে যাত্রা শুরু করে?
(ক) ১৩টি (খ) ১৪টি
(গ) ১৭টি (ঘ) ১৮টি

২৫. কুরাইশরা কোথায় ব্যবসা-বাণিজ্য করত?
(ক) মক্কা ও মদিনায়
(খ) সিরিয়া ও মদিনায়
(গ) সিরিয়া ও ইয়েমেনে
(ঘ) সিরিয়া ও জেরুজালেমে

২৬. আল ফাতহু অর্থ কী?
(ক) বিজয় (খ) তাওবা
(গ) ক্ষমা (ঘ) করুণা

২৭. কোনটি মানবজীবনের সফলতার চাবিকাঠি?
(ক) দেশপ্রেম (খ) ধৈর্য
(গ) ন্যায়পরায়ণতা (ঘ) পরমতসহিষ্ণুতা

২৮. ইসলামের দৃষ্টিতে একজন সমাজসেবক—
i. সামাজিক নিরাপত্তা রক্ষা করেন
ii. সুবিধা ভোগ করেন
iii. কল্যাণমূলক প্রতিষ্ঠান গড়ে তোলেন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৯. ★ অহংকার কার ভূষণ?
(ক) আল্লাহর (খ) ইবলিসের
(গ) ফেরেশতাদের (ঘ) নবিদের

৩০. রেশওয়াত শব্দের অর্থ কী?
(ক) চৌর্যবৃত্তি (খ) ঘুষ
(গ) উপহার (ঘ) সাহায্য

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com